

ইসলামী ভাসিটি স্থানান্তরের প্রতিক্রিয়া

ছাত্রদের বিক্ষোভ মিছিল ॥ সিদ্ধান্তের প্রতি ৫ এমপি'র অভিনন্দন

ইসলামী বিশ্ববিদ্যালয় (গাজীপুর), ৩রা জানুয়ারী (সংবাদদাতা)।— ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের ক্লাস বর্জন, বিক্ষোভ মিছিল, সমাবেশ এবং চ্যাপেলের কাছে স্মারকলিপি পেশ করা হয়েছে।

আজ সকাল ৭টায় রেডিও বাংলাদেশের খবরে বিশ্ববিদ্যালয়ের বর্তমান স্থান গাজীপুরের বোর্ড বাজার থেকে কুষ্টিয়ার শান্তিডাঙ্গায় স্থাপনের সরকারী সিদ্ধান্ত প্রচারের সাথে সাথে ক্যাম্পাসে অবস্থানরত শত শত ছাত্র বিক্ষোভে ফেটে পড়ে। ছাত্রদের বিক্ষোভ মিছিল ক্যাম্পাস প্রদক্ষিণ করে বোর্ড বাজারে এক স্বতঃস্ফূর্ত সমাবেশে মিলিত হয়। সমাবেশে ছাত্রনেতা শাহজাহান আলম (সাজু), নাজমুল হক, আতাউর রহমান ও শহীদুল ইসলাম বক্তব্য রাখেন। তারা ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তরের

সিদ্ধান্তের তীব্র নিন্দা জানিয়ে তা প্রত্যাহারের দাবী জানান। এদিকে ইসলামী বিশ্ববিদ্যালয় স্থানান্তর প্রতিরোধ সংগ্রাম কমিটির আহবানে ছাত্ররা আজ স্বতঃস্ফূর্তভাবে ক্লাস বর্জন করে।

দুপুরে সংগ্রাম কমিটির একটি বিক্ষোভ মিছিল গাজীপুরের বিভিন্ন সড়ক ৭-এর পাড়ায় ছেড়েন

অভিনন্দন

প্রথম পৃষ্ঠার পর

এক যুক্ত বিবৃতিতে সংসদ সদস্যগণ বলেন, "গত ২ জানুয়ারী, ৮৯ প্রেসিডেন্টের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রী পরিষদের বৈঠকে ইসলামী বিশ্ববিদ্যালয় গাজীপুর থেকে ঝিনেদা-কুষ্টিয়া জেলার শান্তিডাঙ্গা-দুলালপুরে স্থানান্তরের সিদ্ধান্তকে আমরা নিম্নস্বাক্ষরকারী সংসদ সদস্যগণ বৃহত্তর জনগোষ্ঠীর পক্ষ থেকে স্বাগত জানাচ্ছি। কেননা অত্রাঞ্চলের জনসাধারণের দীর্ঘদিনের চাহিদা আজ বাস্তবে রূপায়িত হতে যাচ্ছে। সাথে সাথে আমরা অনতিবিলম্বে ইসলামী বিদ্যালয়ে ক্লাস চালু করার প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য মহামান্য প্রেসিডেন্টকে অনুরোধ জানাচ্ছি।"

বিবৃতিদাতা সংসদ সদস্যগণ হচ্ছেন—
জনাব দবিরউদ্দীন জোয়ারদার, জনাব আশরাফুল আবেদীন, জনাব নূরউদ্দিন, জনাব শামসুল হুদা খান এবং জনাব আতাউর রহমান।